# ব্লেডস অব টাইম

ডেভিল মে ক্রাই সিরিজের মতো হ্যাক অ্যান্ড স্ল্যাশ এবং টম্ব রাইডারের মতো পাজল ও ক্যারেক্টার গ্রাফিক্সের সংমিশ্রণে বানানো হয়েছে ব্লেডস অব টাইম নামের গেমটি। গেমটি ডেভেলপ করেছে রাশিয়ান গেম ডেভেলপার কোম্পানি গাইজিন এন্টারটেইনমেন্ট। তাদের ডেভেলপ করা আরো কয়েকটি নামকরা গেমের মধ্যে রয়েছে– অ্যাড্রেনালিন, অ্যানারসি রাশ আওয়ার, অ্যাপাচি এয়ার অ্যাসল্ট, বার্ডস অব স্টিল, ব্রেভহার্ট, ডেথ ট্র্যাক রেসারেকশন, বার্ডস অব প্রে, মর্ডান কনফ্লিক্ট, মর্ডান কনফ্লিক্ট ২, স্টার কনফ্লিক্ট, টপ সিক্রেট, উইংস অব লুফটওয়াফি, স্কাইডাইভ প্রক্সিমিটি ফ্লাইট ও এক্স-ব্লেডস। গাইজিনের বানানো ফেলাস অ্যান্ড দ্য রিং, গ্যাংস্টার রাইড, গুনিব্লেড, প্যারাগ্রাফ ৭৮, উলফহাউন্ড ও ডেড ম্যানস হ্যান্ড নামের গেমগুলো শুধু রাশিয়াতেই রিলিজ হয়েছে। ব্লেডস অব টাইম গেমটি এক্স-ব্লেডস নামের গেমটির কাহিনীর সূত্র ধরে বানানো। নতুন এ গেমটি পুরনো গেমের গ্রাফিক্সের চেয়ে আরো অনেক উন্নত করে বানানো হয়েছে।

গেমের প্রথম পর্ব এক্স-ব্লেডস রাশিয়ান গেম গুনিব্লেডের উন্নত সংস্করণ। এ গেমের গ্রাফিক্স অত উন্নতমানের ছিল না, তবে গেমপ্লে ছিল অসাধারণ। গাইজিনের বানানো এ গেমটি ২০০৭ সালে বের হয়েছিল। এটি পাবলিশ করেছিল সাউথপিক ইন্টার-অ্যাকটিভ, ওয়ানসি কোম্পানি, টপওয়্যার ইন্টার-অ্যাকটিভ ও ইউবিসফট। গেমটি ডেভেলপ করতে ব্যবহার ভাগর ৩.০ নামের গেম ইঞ্জিন। নতুন গেমেও একই ইঞ্জিন ব্যবহার করা হয়েছে। কিন্তু গেম দুটির এনভায়রনমেন্ট ও ক্যারেক্টার গ্রাফিক্সে রয়েছে আকাশ-পাতাল ব্যবধান। তবে নতুন ও পুরনো গেমের মাঝে গেমপ্লের মধ্যে কিছুটা মিল আছে। যারা এক্স-ব্লেডস গেমটি খেলেননি তারা নতুন গেমটি খেলার আগে তা খেলে নিলে গেমের কাহিনী বুঝতে বেশ সহজ হবে। নতুন গেমটির কাহিনী স্বয়ংসম্পূর্ণই বলা চলে, তাই কাহিনী বুঝতে তেমন একটা বেগ পেতে হবে না।

গেমের মূল চরিত্রে রয়েছে গুপ্তধন শিকারি সুন্দরী আয়ুমি। সিভমাস্টার নামের এক শয়তান প্রেত সাধকের আস্তানায় তার শিষ্যদের সাথে চলা গোপন বৈঠকে হামলা চালায় আয়ুমি ও তার সঙ্গী জিরো। লড়াইয়ের এক পর্যায়ে আয়ুমি সিভমাস্টারের পেতে রাখা ফাঁদে পড়ে পোর্টালের মাধ্যমে প্রবেশ করে এক ভয়ঙ্কর দ্বীপে। পিশাচে ভরা সেই দ্বীপে নিজেকে রক্ষার পাশাপাশি সে খুঁজে তার সঙ্গী জিরোকে বের করার চেষ্টা করতে থাকে। সেখান থেকে আরেক পোর্টালের সাহায্যে সে পৌঁছায় স্কাই গার্ডেনে এবং মোকাবেলা করে স্কাই গার্ডদের সাথে। সবশেষে সে পৌঁছায় ড্রাগনল্যান্ডে এবং জানতে পারে সে ড্রাগনদের শেষ বংশধর। তার সাথে সিভমাস্টার ছলনা করে তাকে সেখানে নিয়ে এসেছে তার মাধ্যমে ড্রাগনল্যান্ডের শক্তির উৎস হাতিয়ে নেয়ার জন্য। কিন্তু তার এ পরিকল্পনায় বাদ সাধে আয়ুমি, জিরো ও আরেক সহকারী মিচেল। সিভমাস্টার বিশাল এক পৈশাচিক দানবে পরিণত হয়। তিনজনে মিলিত শক্তির সাথে আরো যোগ হয় স্কাই গার্ডের দল। যৌথ এ শক্তির বিরুদ্ধে বেশিক্ষণ টিকতে পারে না সে। কিন্তু নিজে মারা যাওয়ার আগে শেষ ছোবল দিয়ে জিরোকে তার সাথে পোর্টালে টেনে নিয়ে হাওয়া হয়ে যায় সিভমাস্টার।



প্রতি স্টেজে বস ফাইট থাকায় গেমের মজা বহুগুণে বেড়ে গেছে। বসগুলো মারা মোটামুটি কঠিন, কারণ বসে দুর্বল জায়গা খুঁজে পেতে এবং তাকে বাগে আনতে বেশ কাঠখড় পোড়াতে হবে।




গেমের পাজলগুলোও বেশ ভালোই বলা চলে। গেমপ্লে ও কমব্যাট স্টাইল বেশ ভালোমানের এবং কম্বো ও ম্যাজিক পাওয়ার থাকায় আরো উপভোগ্য হয়েছে। মারামারি করতে থাকলে একটি পাওয়ার মিটার বেড়ে যায় এবং নানা রকম ম্যাজিক পাওয়ার প্রয়োগ করার ক্ষমতা পাওয়া যায়। পাওয়ারগুলোর মধ্যে রয়েছে– স্লাইডিং অ্যাটাক, আগুন, বরফ ও জোরালো হামলা ইত্যাদি। গেমে প্লেয়ার ড্যাশ পদ্ধতিতে বেশ দ্রুততার সাথে চলাচল করতে এবং শত্রুর আঘাত থেকে রক্ষা পেতে পারে। গেমের বিশেষ বৈশিষ্ট্য হচ্ছে গেমে সময়কে পিছিয়ে নেয়া যায় এবং ক্যারেক্টারের ক্লোন তৈরি করে একযোগে বড় আকারের শত্রু ও শিল্ডওয়ালা শত্রুর ওপরে হামলা চালানো যায়। গেমে প্রায় ৪০ ধরনের আলাদা ক্ষমতা রয়েছে, যার মধ্যে ট্যাকটিক্স, রেঞ্জ অ্যাটাক, মিলি, কম্বো, পাওয়ারফুল অর্ডার এবং ক্যাওস ম্যাজিক ফর্মসহ আরও অনেক দক্ষতা রয়েছে। গেমে বেশ কয়েক ধরনের রাইফেল ও তলোয়ার রয়েছে। সেই সাথে রয়েছে পরিবেশের সাথে মানানসই পোশাক-আশাকও। গেমের কিছু স্টেজে আয়ুমি ডানার সাহায্যে ওড়ার ক্ষমতাও অর্জন করবে। গেমের গ্রাফিক্স বেশ ভালোমানের এবং সাউন্ড কোয়ালিটিও বেশ ভালো। মাঝারি মানের পিসিতেও গেমটি ফুল ডিটেইলসে খেলা যাবে যদি গ্রাফিক্সকার্ড ভালো হয়। গেমের মাল্টিপ্লেয়ার মোডের কারণে আরো আকর্ষণীয় হয়ে উঠেছে। এ গেমে ডিফেন্স অব দ্য অ্যানসিয়েন্টস বা ডটার মতো টাওয়ার ডিফেন্স দিতে হবে। বেশ কয়েক ধরনের গেম মোড গেমটিকে করে তুলেছে বৈচিত্র্যময়। আগের গেম এক্স-ব্লেড চালাতে লাগবে ইন্টেল পেন্টিয়াম ৪, ৩ গিগাহার্টজ বা প্রসেসর বা এএমডি এথলন ৬৪ ৩০০০+ প্রসেসর, জিফোর্স ৮৮০০ জিটিএস বা রাডেওন এইচডি ৩৮০০ সিরিজ, ১ গিগাবাইট র‌্যাম ও ৫ গিগাবাইট হার্ডডিস্ক স্পেস। আগের গেমের সাথে তুলনা করলে নতুন গেমটি চালানোর জন্য তেমন বেশি সিস্টেম রিকোয়ারমেন্ট চাওয়া হয়নি। ব্লেডস অব টাইম গেমটি চালাতে লাগবে ইন্টেল পেন্টিয়াম ৪ ৩.২ গিগাহার্টজ বা এএমডি এথলন ৬৪ ৩৫০০+ প্রসেসর, এনভিডিয়া জিফোর্স ২১০ বা এটিআই/এএমডি রাডেওন এইচডি ৬৩১০, ১ গিগাবাইট র‌্যাম ও ৪ গিগাবাইট হার্ডডিস্ক স্পেস। গেমটি আকারে ছোট হতে পারে, তবে গেমপ্লে টাইম মোটামুটি ভালোই। অনলাইন, কো-অপ ও চ্যালেঞ্জ মোডে গেমটি আরো অনেক দিন খেলা যায়। এটি সবার বেশ ভালো লাগবে। এটি মাইক্রোসফট উইন্ডোজ, এক্সবক্স ৩৬০, প্লেস্টেশন ৩-এর পাশাপাশি ম্যাক ওএসএক্সের জন্যও রিলিজ করা হয়েছে। তাই ম্যাক ইউজাররাও গেমটি খেলা থেকে বঞ্চিত হবেন না।

## এজ অব এম্পায়ার চিটকোড

চিট উইন্ডোতে নিচের কোডগুলো লিখে এন্টার চেপে চিট প্রয়োগ করুন।

| Result | Code |
|---|---|
| MEDUSA | - villagers become medusa. When villager is killed, he becomes a black rider. and if killed again becomes a heavy catapult. |
| DIEDIEDIE | - you all die |
| RESIGN | - you resign |
| REVEAL MAP | - reveals all the map |
| PEPPERONI PIZZA | - gives yourself 1000 food |
| COINAGE | - gives yourself 1000 gold |
| WOODSTOCK | - gives yourself 1000 wood |
| QUARRY | - gives yourself 1000 stone |
| NO FOG | - remove the fog-of-war |
| HARI KARI | - suicide |
| PHOTON MAN | - get a 'Nuke Trooper' |
| GAIA | - control the animals |
| FLYING DUTCHMAN | - juggernaughts turn into the Flying Dutchman |
| STEROIDS | - instant build |
| HOME RUN | - win the scenario |
| KILLX | - where 'X' is the players position |
| BIGDADDY | - get a cool car /W a rocket launcher |
| BIG BERTHA | - heavy catapults have greater range and damage |
| ICBM | - ballistias get 100 range points |
| HOYOHOYO | - priest speed up alot, and get 600 hit points |
| JACK BE NIMBLE | - catapults fire peasants who do somersaults as they fly through the air. |
| E=MC2 TROOPER | - get a futuristic trooper. who fires nuclear missles which explode when they hit. |

## কল অব জুয়ারেজ চিটকোড

গেম চালু করে টোগল বা টিল্ড (~) কি চাপুন এবং নিচের যেকোনো কোড লিখে এন্টার চাপুন।

| Result | Code |
|---|---|
| Cheat.God(1) | - God Mode ON |
| Cheat.God(0) | - God Mode Off |
| Cheat.GiveAmmo() | - Add Ammo |
| Cheat.Heal() | - Full Health Player |
| Cheat.MagicAmmo(1) | - Magic Ammo ON |
| Cheat.MagicAmmo(0) | - Magic Ammo Off |
| Cheat.GiveRifle() | - Get Rifle |
| Cheat.GiveDynamite() | - Get Dynamite |
| Cheat.Jump() | - To jump very high |

## ড্যামনেশন চিটকোড

আনলকেবল মেনুতে গিয়ে নিচের কোডগুলো প্রয়োগ করলে চিট আনলক হবে।

| Code | Effect |
|---|---|
| LockNLoadAll | - All Weapons |
| LockNLoad | - Custom Loadout |
| PeoplePerson | - Custom Characters |
| LincolnsTopHat | - Big Heads Mode |
| BlowOffSomeSteam | - Super Weapon |
| Revenant | - Insane Difficulty |

## স্ট্রিট রেসিং সিন্ডিকেট চিটকোড


মেইন মেনুতে থাকা অবস্থায় আপ, ডাউন, লেফট ও রাইট অ্যারো কি চাপলে চিটকোড এন্ট্রি মেনু আসবে, সেখানে নিচের কোডগুলো প্রয়োগ করুন।


| Code | Result |
|---|---|
| SICKJZA | 1996 Supra RZ |
| IGOTGST | 1999 Mitsubishi Eclipse GS-T |
| MYTCGTS | 2004 Toyota Celica GT-S Action Package |
| FIXITUP | Free car repair |
| RENESIS | Mazda RX-8 |
| GORETRO | Pac Man Vinyl |
| GOTPOPO | Police Car |
| SICKGDB | Subaru Impreza Sti |
| LETMEGO | The first three times you are pulled over in street mode. |

## আপরাইজিং ২ লিড অ্যান্ড ডেস্ট্রয় চিটকোড

গেম চলাকালীন কিবোর্ডের এম (M) বাটন চাপলে চ্যাটবক্স আসবে। সেখানে নিচের চিটগুলো লিখে এন্টার চাপুন।


| Code | Result |
|---|---|
| DANGEROUS | Unlimited Weapons, health pak's |
| STORMY | Rainy |
| WAY NO MONEY | +5000 |
| SLICK | Die |
| DONE | Win scenario |
| YOYO | Invincible |
| CLEARSKY | Clear |
| FLURRY | Snow |
| CHUMP | Incincible |
| TUFF ASS | Super weapons |
| dangerous chump | Unlimited weapons and invincibility |

















## রেড ফ্যাকশন চিটকোড

গেম শুরু করার আগে মেইন মেনুর এক্সট্রাস অপশনের চিটস সাবমেনুতে গিয়ে নিচের কোডগুলো প্রয়োগ করতে হবে।

| Code | Result |
|---|---|
| xxywywz | Super Health |
| ywxzyzxw | Unlimited Ammo |
| zxzxzxzx | Unlimited Grenades |
| wwwwwwwww | Wacky Deaths |
| yxzwzxyw | Director's Cut |
| zzzzzzzz | Bouncy Grenades |
| xxxxxxxx | Zombie Walk |
| yyyyyyyy | Fire Bullets |
| zyzyxxww | Rapid Rails |
| xxxxyzxx | Instagib Ammo |
| wzxywzxy | Instagib Explosions |
| zzzzwxzz | Bullet Gibs |
| wwxxyzyz | Unlock Everything * |
| yzwzyxwx | Unlock All Cheats * |
| zyxwyzxx | Unlock All Levels * |

